

নিজস্বতা

প্রত্যেকটি মানুষের একটি করে
নিজস্ব নদী থাকা দরকার,
যে নদীতে সে স্নাতক হয়ে
সমস্ত দুঃখ এবং অহংকার ধুয়ে
নির্মল হতে পারে।

প্রত্যেকটি মানুষের একটি করে
নিজস্ব চাঁদ থাকা দরকার,
যে চাঁদের আলো ছুঁলেই সে
ভালোবাসার ফুল ফোটাতে পারে—
গাইতে পারে মহাসাম্রাজ্যের গান।

প্রত্যেকটি মানুষের একটি করে
স্বাধীন স্বদেশ ভূমি থাকা দরকার,
যেখানে সে ইচ্ছামত
বিপ্লবের আগুন জ্বালাতে পারে—
পোড়াতে পারে পৃথিবীর যত পাপ।

প্রত্যেকটি মানুষের একটি করে
নিজস্ব স্বপ্ন থাকা দরকার,
যেখানে সে মনের মতো বাগান তৈরী করে
রং বাহারী প্রজাপতিদের সঙ্গে
খেলে বেড়াতে পারে দ্বিধাহীন অনন্ত কাল ধরে।

মহম্মদ রায় হান

